Lens Asia

২১ সেপ্টেম্বর, ২০২৫

# ৫ আগস্টের পর ভারত থেকে হুমকি বাড়ছে : রিজভী




সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, ৫ আগস্টের পর থেকে ভারতসহ প্রতিবেশী দেশগুলো থেকে বাংলাদেশের প্রতি হুমকি-হুঙ্কার বেড়েছে। তিনি দাবি করেন, স্বাধীনতা ও সার্বভৌমত্বকে ঘিরে ষড়যন্ত্র পাকিয়ে তোলার সুযোগ তৈরি হচ্ছে। একইসঙ্গে তিনি সরকারের পক্ষপাতদুষ্ট প্রচারণা, ভিপির আইন বহির্ভূত কার্যকলাপ এবং বিএনপিকে ঘিরে বিভ্রান্তিকর অপপ্রচার নিয়েও সমালোচনা করেন।

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন, ৫ আগস্টের ঘটনার পর থেকে প্রতিবেশী দেশ ভারত থেকে বাংলাদেশের প্রতি হুমকি-হুঙ্কার বাড়ছে। রবিবার (২১ সেপ্টেম্বর) জাতীয় প্রেস ক্লাবে '৭ নভেম্বর প্রজন্ম' আয়োজিত ড. মারুফ মল্লিকের লেখা বাংলাদেশি জাতীয়তাবাদের তাত্ত্বিক বিশ্লেষণ : নাগরিক ও জাতিবাদী জাতীয়তাবাদের সংকট গ্রন্থের আলোচনায় তিনি এ মন্তব্য করেন।

রিজভী বলেন, পরিবর্তিত পরিস্থিতিতে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বকে ঘিরে বড় ষড়যন্ত্রের আশঙ্কা তৈরি হয়েছে। তিনি অভিযোগ করেন, সরকারের পক্ষ থেকে প্রচারণা চালানো হচ্ছে বিএনপির নেতাকর্মীদের নাম জড়িয়ে, অথচ জামায়াতের সংশ্লিষ্টতা প্রমাণিত হলেও তা প্রচার করা হচ্ছে না। উদাহরণ হিসেবে তিনি সিলেটের পাথরচুরি ও নারীঘটিত ঘটনার কথা উল্লেখ করেন। তার দাবি, বিএনপির কোনো নেতাকর্মী অপরাধে জড়ালে দলীয়ভাবে ব্যবস্থা নেওয়া হলেও গণমাধ্যমে তা গুরুত্ব পায় না।

তিনি বলেন, "একটা পরিবারে যেমন দুষ্ট সন্তান থাকতে পারে, তেমনি কোনো দলেও এমন কেউ থাকতে পারে। কিন্তু তাকে শাসন করা হচ্ছে কিনা সেটিই আসল বিষয়।"

ডাকসুর সাবেক ভিপি হিসেবে তিনি বর্তমান ভিপির কর্মকাণ্ডের সমালোচনা করে বলেন, "একজন ভিপি কি ম্যাজিস্ট্রেটের ক্ষমতা পেলেন? বিশ্ববিদ্যালয়ের ভেতর দোকানদারি নিয়ন্ত্রণ প্রশাসনের দায়িত্ব, ছাত্রনেতার কাজ নয়। অথচ ফাইন করে সেই টাকা বাইতুল মালে জমা দিচ্ছেন—এটা কি রাষ্ট্রের মধ্যে আরেক রাষ্ট্র গড়ে তোলার প্রচেষ্টা নয়?"

অনুষ্ঠানে বিএনপির স্থায়ী কমিটির সদস্য আব্দুল মঈন খান, সাংগঠনিক সম্পাদক অধ্যক্ষ সেলিম ভূইয়া, এবং সিনিয়র সাংবাদিক আমিরুল ইসলাম কাগজী উপস্থিত ছিলেন।